

০) তফসিল-২ এর “বিধি” শিরোনামাধীন কলামে উল্লিখিত—

- (ক) বিধি নং ৮(২) এর বিপরীতে “সময়, মূল্য, ইত্যাদি” শিরোনামাধীন কলামে উল্লিখিত “১৫ (পনের)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “২০ (বিশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি নং ৮(১৫) এর বিপরীতে “সময়, মূল্য, ইত্যাদি” শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও তদধীন এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“মূল্যায়ন কমিটির সদস্য প্রতি ফি বা সম্মানী:

১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে:

- প্রতি সভার জন্য সদস্য-প্রতি ৩০০০ (তিন হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ৯০০০ (নয় হাজার) টাকা;

১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:

- প্রতি সভার জন্য সদস্য-প্রতি ২০০০ (দুই হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন) সভার জন্য ৬০০০ (ছয় হাজার) টাকা;

১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:

- প্রতি সভার জন্য সদস্য-প্রতি ১০০০ (এক হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ৩০০০ (তিন হাজার) টাকা;

১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:

- প্রতি সভার জন্য সদস্য-প্রতি ৬০০ (ছয়শত) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ১৮০০ (এক হাজার আটশত) টাকা;

কারিগরি সাব-কমিটির সদস্য প্রতি ফি/সম্মানী:

১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে:

- প্রতি সভার জন্য সদস্য-প্রতি ৩০০০ (তিন হাজার) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই) টি সভার জন্য ৬০০০ (ছয় হাজার) টাকা;

১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:

- প্রতি সভার জন্য সদস্য-প্রতি ২০০০ (দুই হাজার) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই) টি সভার জন্য ৪০০০ (চার হাজার) টাকা;

১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে :

➤ প্রতি সভার জন্য সদস্য-প্রতি ১০০০ (এক হাজার) টাকা হারে, সর্বোচ্চ দুইটি সভার জন্য ২০০০ (দুই হাজার) টাকা;

১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:

➤ প্রতি সভার জন্য সদস্য-প্রতি ৬০০ (ছয়শত) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই) টি সভার জন্য ১২০০ (এক হাজার দুইশত) টাকা।” ;

(গ) বিধি নং “২২(১)” এর বিপরীতে “সময়, মূল্য, ইত্যাদি” শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও তদধীন এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“সীমিত দরপত্র পদ্ধতিতে :

➤ ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত”

(ঘ) বিধি নং “২৭(২)” এর বিপরীতে “সময়, মূল্য, ইত্যাদি” শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও তদধীন এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“ফ্রন্ট লোডিং এর ক্ষেত্রে কার্য-সম্পাদন জামানতের পরিমাণ:

➤ চুক্তিমূল্যের সর্বাধিক ২৫% (শতকরা পঁচিশ ভাগ)।”;

(ঙ) বিধি নং “২৭(২)” ও তদ্বিপরীতে “সময়, মূল্য, ইত্যাদি” শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও তদধীন এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন বিধি নং, শিরোনাম ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“২৭(১০) বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার ক্ষেত্রে:

➤ চুক্তিমূল্যের সর্বাধিক ৩%-৫% (শতকরা তিন ভাগ হইতে পাঁচভাগ)।”;

(চ) বিধি নং ৩৯ (৩৩) ও তদ্বিপরীতে “সময়, মূল্য, ইত্যাদি” শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও তদধীন এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন বিধি নং, শিরোনাম ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“৪০ (৩) (ক) ক্রয়কারী কর্তৃক প্রত্যাশিত সরবরাহ সমাপ্তির (Intended Completion Date) তারিখ সম্প্রসারণ:

➤ সরবরাহ সমাপ্তির মূল সময়সীমা ২০% (শতকরা বিশ ভাগ) পর্যন্ত;

➤ সরবরাহ সমাপ্তির মূল সময়সীমা ২০% (শতকরা বিশ ভাগ) এর অধিক হইলে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির অনুমোদন প্রয়োজন হইবে।